



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয়  
সিলেট বিভাগ, সিলেট  
www.lrb.sylhetdiv.gov.bd



স্মারক নং- ৩১.০২.০০০০.০২৬.১৪.০০১.১৮.৮৮৭

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ  
০৩ জুন ২০২১ খ্রিঃ

বিষয়: পার্বত্য ০৩ জেলা ব্যতীত সহকারী কমিশনার (ভূমি) গণের ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার আপগ্রেডেশন সংক্রান্ত জুম ভার্চুয়াল রিফ্রেশার্স প্রশিক্ষণ।

- সূত্র: (১) ভূমি সংস্কার বোর্ডের স্মারক নং ৩১.০২০০০০.০১৬.৩১.০১৫.২০.৮৩ তারিখ: ১৯ মে ২০২১ খ্রিঃ,  
(২) ভূমি সংস্কার বোর্ডের স্মারক নং ৩১.০২০০০০.০১৬.৩১.০১৫.২০.৮৫ তারিখ: ২৪ মে ২০২১ খ্রিঃ ও  
(৩) ভূমি সংস্কার বোর্ডের ০২-০৬-২০২১ খ্রিঃ তারিখের অনূষ্ঠিত মে/২০২১ মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যারে হোল্ডিংভিত্তিক ডাটা এন্ট্রির ক্ষেত্রে পূর্বের সিস্টেম অপরিবর্তিত রেখে নতুন কিছু আপগ্রেডেশন আনা হয়েছে, যা লাইভ সার্ভারে সংযুক্ত করা হচ্ছে। উক্ত আপগ্রেডেশন সম্পর্কে অবহিত করার জন্য এবং ডাটা এন্ট্রির কাজকে ত্বরান্বিত করার জন্য পার্বত্য ০৩টি জেলার ২০টি উপজেলা ব্যতীত ০৮টি বিভাগের ৪৯১টি উপজেলা/সার্কেল/মেট্রো থানা ভূমি অফিসের সহকারী কমিশনার (ভূমি)গণকে ২৫ মার্চ ২০২১ খ্রিঃ হতে ৩১ মার্চ ২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ভূমি সংস্কার বোর্ডের পক্ষ থেকে ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার এর আপগ্রেডেশন বিষয়ক জুম ভার্চুয়াল রিফ্রেশার্স প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এক্ষেত্রে, ২৭ মার্চ ২০২১ খ্রিঃ তারিখ বিকাল ২.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত সিলেট বিভাগের সহকারী কমিশনার (ভূমি)/দায়িত্বপ্রাপ্ত উপজেলা নির্বাহী অফিসারগণের মধ্যে যারা প্রশিক্ষণে অংশগ্রহণ করেননি কিংবা অনুপস্থিত ছিলেন, তাঁদেরকেও পরবর্তী সময়ে প্রশিক্ষণ প্রদান করা হবে।


এমতাবস্থায়, ভূমি সংস্কার বোর্ডের পক্ষ থেকে ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার এর আপগ্রেডেশন বিষয়ক ২৭ মার্চ ২০২১ খ্রিঃ তারিখে সিলেট বিভাগের জুম ভার্চুয়াল রিফ্রেশার্স প্রশিক্ষণে যারা অংশগ্রহণ করেননি কিংবা অনুপস্থিত ছিলেন, তাঁদের নাম, মোবাইল নম্বর ও ই-মেইল আগামী ১০-০৬-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে ভূমি সংস্কার বোর্ডের চেয়ারম্যান মহোদয় বরাবর ই-মেইল [chairman@lrb.gov.bd](mailto:chairman@lrb.gov.bd)-এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

জেলা প্রশাসক

সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার

দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)

সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার

  
(মুহাম্মদ আব্দুল হাই আলি মাহমুদ)

পরিচিতি নং ৬৮৪৬

উপ-ভূমি সংস্কার কমিশনার (উপসচিব)

সিলেট বিভাগ, সিলেট।

ল্যান্ড ফোন: ০৮২১-৮৪০১১৩

ই-মেইল: [dlrcsylhet@lrb.gov.bd](mailto:dlrcsylhet@lrb.gov.bd)

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

০১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, সিলেট।

০৩। প্রশাসনিক কর্মকর্তা, উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট।

০৪। অফিস কপি।